

# যুগান্তর

## কর্মশালায় শিক্ষামন্ত্রী আগামী বছর ৬ষ্ঠ শ্রেণীতে ডিজিটাল পাঠ্যবই

### যুগান্তর রিপোর্ট

আগামী বছর প্রচলিত পাঠ্য বইয়ের পাশাপাশি পরীক্ষামূলকভাবে ৬ষ্ঠ শ্রেণীর জন্য ডিজিটাল পাঠ্যবইও চালু করা হবে। আর তা পর্যায়ক্রমে অন্যান্য ক্লাসের জন্যও করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েশ) টিকিউআই প্রকল্প আয়োজিত দু'দিনব্যাপী এক কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ফাহিম খাতুনের সভাপতিত্বে শিক্ষাসচিব নজরুল ইসলাম খান, টিকিউআই প্রকল্পের পরিচালক (অতিরিক্ত সচিব) বনমালী ভৌমিক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল, নায়েশের মহাপরিচালক অধ্যাপক হামিদুল হক প্রমুখ বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার মানোন্নয়ন, বোধগম্য ও আকর্ষণ ক্ষমতা বৃদ্ধি, সহজলভ্যতা সৃষ্টিতে তথ্য-প্রযুক্তির বিকল্প নেই। চলমান বিশ্বের সঙ্গে তাল মেলাতে বাংলাদেশের শিক্ষামতে তথ্য-প্রযুক্তির ব্যবহার অনেকখানি বৃদ্ধি হয়েছে এবং আরও হচ্ছে। তিনি বলেন, আমরা প্রচলিত পাঠ্যপুস্তকের পাশাপাশি, সব ক্লাসে ইন্টার-এ্যাকটিভ ডিজিটাল বই চালু করার উদ্যোগ নিয়েছি। দেশের অভিজ্ঞ তথ্য-প্রযুক্তিবিদদের সহায়তায় আমাদের টিচার্স ট্রেনিং কলেজগুলোর অভিজ্ঞ শিক্ষকদের দিয়ে ডিজিটাল বই করা হচ্ছে।